

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১১(অংশ-৩)/২০১৯-৪০৩

তারিখঃ ১১ জুলাই ২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ১ (এক) বছর মেয়াদি ডিপ্লোমা ইন রেনাল নার্সিং (কিডনী ডায়ালাইসিস) কোর্স কারিকুলাম অনুমোদন পূর্বক বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ নং-৫৯.০০.০০০০.১৪৩.০১.২০১৯-১৪৫, তারিখঃ ০৭-০৭-২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন-২০১৬ এর ধারা ৫ (ঘ) মোতাবেক প্রণীত “১ (এক) বছর মেয়াদি ডিপ্লোমা ইন রেনাল নার্সিং (কিডনী ডায়ালাইসিস) কোর্স কারিকুলাম-২০১৯” স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করেছে।

উক্ত কারিকুলাম দেশের সরকারি ও বেসরকারি পর্যায়ে কাউন্সিল স্বীকৃত “রেনাল নার্সিং প্রশিক্ষণ কেন্দ্র” এ পাঠ্যক্রম হিসেবে বাস্তবায়ন করা হবে।

শর্তাবলীঃ

- (ক) উক্ত কোর্সে ভর্তি যোগ্যতাঃ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের রেজিস্টার্ড নার্স হতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩৫ বছর, তবে ডাক্তার ও অন্যান্য মেডিকেল সার্ভিস প্রোভাইডারগণের বয়সসীমা অনুসরণ করে তা কারিকুলামে যুক্ত করতে হবে।
- (খ) ভর্তি প্রক্রিয়াঃ দু’টি জাতীয় পত্রিকায় (বাংলা ও ইংরেজি) বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে, যা নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।
- (গ) ভর্তি পরীক্ষাঃ ভর্তি পরীক্ষায় এমসিকিউ প্রশ্নভোরের বিষয় ও মান বন্টন হবেঃ নার্সিং সায়েন্সঃ ৭০ ও ইংরেজিঃ ২০, অবশিষ্ট ১০ নম্বর মৌখিক পরীক্ষার জন্য বরাদ্দ এবং পরীক্ষায় পাস নম্বরঃ ৬০ (ষাট)।
- (ঘ) প্রতিষ্ঠানের সক্ষমতাঃ প্রয়োজনীয় অবকাঠামো থাকতে হবে। ২০ বেডের ডায়ালাইসিস, ৩০ বেডের ক্লিনিক্যাল নেফ্রোলজি বেড, CAPD & Transplantation, শিক্ষক ও প্রশাসনিক জনবলঃ কোর্স কো-অর্ডিনেটর হিসেবে নার্সিং কর্মকর্তাকে নিয়োগ দিতে হবে, এতদসঙ্গে ১ জন সহযোগী অধ্যাপক, ২ জন সহকারী অধ্যাপক, ৩ জন প্রভাষক, যাদের ন্যূনতম ১ বছরের নেফ্রোলজির উপর অভিজ্ঞতা থাকতে হবে।
- (ঙ) প্রতি ৮ (আট) জন শিক্ষার্থীর জন্য ১ (এক) জন নার্সিং শিক্ষক/ইনস্ট্রাক্টর থাকতে হবে, যাদের শিক্ষকতায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- (চ) কো-অর্ডিনেটর, শিক্ষক নিয়োগ, ভর্তি কার্যক্রমে বিএনএমসি’র প্রতিনিধি নিশ্চিত করতে হবে।

(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

ফোনঃ ৯৫৬১১১৬

ই-মেইলঃ info@bnmc.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজি হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. চেয়ারম্যান, কিডনী ফাউন্ডেশন হাসপাতাল ও রিসার্চ ইনস্টিটিউট, মিরপুর-২, ঢাকা।
৪. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।
৭. জনাব/ বেগম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং শিক্ষা শাখা

নং-৫৯.০০.০০০০.১৪৩.০১.২০১৯-১৪৫

তারিখঃ ০৭-০৭-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ১ (এক) বছর মেয়াদি ডিপ্লোমা ইন রেনাল নার্সিং (কিডনী ডায়ালাইসিস) কোর্স কারিকুলাম প্রশাসনিক অনুমোদন।


সূত্রঃ স্মারক নং-বিএনএমসি/প্রশা-১১(অংশ-৩)/২০১৯-২৭৮, তারিখঃ ২৬ মে ২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন-২০১৬ এর ধারা ৫ (ঘ) মোতাবেক প্রণীত “১ (এক) বছর মেয়াদি ডিপ্লোমা ইন রেনাল নার্সিং (কিডনী ডায়ালাইসিস) কোর্স কারিকুলাম-২০১৯” এ মন্ত্রণালয় কর্তৃক যথাযথ প্রক্রিয়া সম্পাদন পূর্বক প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো।

উক্ত কারিকুলাম দেশের সরকারি ও বেসরকারি পর্যায়ে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল স্বীকৃত রেনাল নার্সিং প্রশিক্ষণ কেন্দ্রে পাঠ্যক্রম হিসেবে বাস্তবায়নের লক্ষ্যে এতদসংক্রান্ত কার্যসম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- (ক) উক্ত কোর্সে ভর্তি যোগ্যতাঃ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের রেজিস্টার্ড নার্স হতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩৫ বছর, তবে ডাক্তার ও অন্যান্য মেডিকেল সার্ভিস প্রোভাইডারগণের বয়সসীমা অনুসরণ করে তা কারিকুলামে যুক্ত করতে হবে।
- (খ) ভর্তি প্রক্রিয়াঃ দু’টি জাতীয় পত্রিকায় (বাংলা ও ইংরেজি) বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে, যা নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।
- (গ) ভর্তি পরীক্ষাঃ ভর্তি পরীক্ষায় এমসিকিউ প্রশ্নভোরের বিষয় ও মান বন্টন হবেঃ নার্সিং সায়েন্স: ৭০ ও ইংরেজি: ২০, অবশিষ্ট ১০ নম্বর মৌখিক পরীক্ষার জন্য বরাদ্দ এবং পরীক্ষায় পাস নম্বরঃ ৬০ (ষাট)।
- (ঘ) প্রতিষ্ঠানের সক্ষমতাঃ প্রয়োজনীয় অবকাঠামো থাকতে হবে। ২০ বেডের ডায়ালাইসিস, ৩০ বেডের ক্লিনিক্যাল নেফ্রোলজি বেড, CAPD & Transplantation, শিক্ষক ও প্রশাসনিক জনবলঃ কোর্স কো-অর্ডিনেটর হিসেবে নার্সিং কর্মকর্তাকে নিয়োগ দিতে হবে, এতদসঙ্গে ১ জন সহযোগী অধ্যাপক, ২ জন সহকারী অধ্যাপক, ৩ জন প্রভাষক, যাদের ন্যূনতম ১ বছরের নেফ্রোলজির উপর অভিজ্ঞতা থাকতে হবে।
- (ঙ) প্রতি ৮ (আট) জন শিক্ষার্থীর জন্য ১ (এক) জন নার্সিং শিক্ষক/ইনস্ট্রাক্টর থাকতে হবে, যাদের শিক্ষকতায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- (চ) কো-অর্ডিনেটর, শিক্ষক নিয়োগ, ভর্তি কার্যক্রমে বিএনএমসি’র প্রতিনিধি নিশ্চিত করতে হবে।


০৭/০৭/২০১৯
(মোঃ কাওছারুল ইসলাম সিকদার)
উপসচিব (নার্সিং শিক্ষা)
ফোন- ৯৫৪৬৪৪০

রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
বিজয়নগর, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

৮. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯. ভিসি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউএফ), মিরপুর সেনানিবাস, ঢাকা।
১০. রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়/রাজশাহী বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়।
১১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১২. ডিন, ফ্যাকাল্টি অব মেডিসিন, ঢাকা বিশ্ববিদ্যালয়/রাজশাহী বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউএফ), মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৩. পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজস এন্ড ইউরোলজি হাসপাতাল, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৪. চেয়ারম্যান, কিডনী ফাউন্ডেশন হাসপাতাল ও রিসার্চ ইনস্টিটিউট, মিরপুর-২, ঢাকা।
১৫. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৭. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৮. অতিরিক্ত সচিব (চিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯. জনাব/ বেগম